



তথ্যবিবরণী

নম্বর-১৯০

## স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা আগামীকাল রাজশাহী সফরে আসছেন

রাজশাহী; ২৬ মাঘ (০৯ ফেব্রুয়ারি):

স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী আগামীকাল ১০ ফেব্রুয়ারি একদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি বাংলাদেশ বিমানযোগে সকাল সাড়ে দশটায় রাজশাহী বিমানবন্দরে এসে পৌঁছাবেন।

এদিন স্বরাষ্ট্র উপদেষ্টা সকাল সাড়ে এগারোটায় রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সশস্ত্র বাহিনী বিভাগ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী রেঞ্জস্থ সকল জেলা পুলিশ ইউনিট, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, বিজিবি, কোস্টগার্ড, আনসার ও ভিডিপি, কারা অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থার রাজশাহী অঞ্চলের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করবেন।

বিকাল সাড়ে তিনটায় তিনি স্থানীয় প্রশাসন কর্তৃক তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে আয়োজিত তারুণ্যের মেলা পরিদর্শন করবেন।

বিকালে স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা বাংলাদেশ বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।##

.....  
তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৭:২০ ঘ.